গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০৪.০০০০.১১৬.১৩০.১৮- ১০৭

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
২৯ জুন ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়: : প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি'র জুন ২০২০ মাসের সভার কার্যবিবরণী।**

সভার তারিখ : ২৮ জুন ২০২০ খ্রিস্টাব্দ; রবিবার; সকাল: ১২.৩০ মিনিট।
স্থান : প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সম্মেলন কক্ষ (কক্ষ নং-২১৫)।
সভাপতি : **নাসরীন আফরোজ, ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।**

**সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন:**

| ক্র: | সভায় উপস্থিত কর্মকর্তাদের নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব জান্নাতুল ফেরদৌস | উপ-পরিচালক (উপসচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট |
| ২. | কাজী হাসিবুদ্দীন আহমেদ | সহকারী পরিচালক (উপবৃত্তি), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট |
| ৩. | জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ | সহকারী পরিচালক (পরি: ও উন্নয়ন), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট |
| ৪. | জনাব রেজওয়ানা আক্তার জাহান | সহকারী পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট |
| ৫. | জনাব যাদব সরকার | সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট |
| ৬. | জনাব মো: আব্দুল্লা আল মামুন | প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট |
| ৭. | জনাব অসীম কুমার পাল | সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট |
| ৮. | জনাব উল্লাস চৌধুরী | হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট |

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি'র বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। এরপর সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ:**<br>বিগত ১৫ মার্চ ২০২০ খ্রি, তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা যেতে পারে। | গত ১৫ মার্চ ২০২০ খ্রি, তারিখের সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | সহকারী পরিচালক (পরি: ও উন্নয়ন) |
| ২.২ | **ট্রাস্টের কার্যক্রম পর্যালোচনা:**<br>সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ট্রাস্টের সামগ্রিক কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করে বলেন যে, ২০১৯-২০২০ অর্থবছরের অফিসিয়াল কার্যক্রমের পাশাপাশি প্রয়োজনীয় সংখ্যক অভ্যন্তরীণ প্রশিক্ষণ, সেমিনার সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। শূন্য পদে জনবল নিয়োগসহ উপবৃত্তি প্রদান কার্যক্রম, কর্মশালা-সেমিনার আয়োজনসহ অন্যান্য কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে।<br>উপ-পরিচালক বলেন, ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের স্ব-দায়িত্ব ও কর্তব্য নৈতিকতার সাথে পরিচালন ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি সভা নিয়মিতভাবে সম্পনা করা হচ্ছে।<br>সভাপতি ২০১৯-২০২০ অর্থবছরের কার্যক্রম সকলের সহযোগীতায় সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্যসন্তোষ পোষণ করেন। এছাড়াও, ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে সকলকে নিজ নিজ দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন। | (ক)২০১৯-২০ অর্থবছরের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সভায় সন্তোষ প্রকাশ করা হয়।<br>(খ) ২০২০-২১ অর্থবছরে নৈতিকতা ও শুদ্ধাচার কার্যক্রম সম্পর্কে প্রয়োজনীয় সংখ্যক মতবিনিময় সভা/সেমিনার/ ওয়ার্কসপ/ প্রশিক্ষণ আয়োজন করা হবে। | সহকারী পরিচালক (সকল) |
| ২.৩ | **বিবিধ:**<br>সদস্য-সচিব সভাকে আরো অবহিত করেন যে, ট্রাস্টের কার্যক্রম ব্যাপকভাবে প্রচারের লক্ষ্যে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বিজ্ঞাপন ও স্ক্রোল প্রচার করা যেতে পারে এবং মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে একটি বিলবোড অফিসের সামনে স্থাপন করা যেতে পারে।<br>উপ-পরিচালক বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি'র সভা ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি'র সভা নিয়মিতভাবে অনুষ্ঠিত হচ্ছে এবং আগামী অর্থবছরের এটি নিয়মিতভাবে অণুষ্ঠিত হবে। | ২০২০-২১ অর্থবছরের ট্রাস্টের কার্যক্রম ব্যাপকভাবে প্রচারের লক্ষ্যে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বিজ্ঞাপন ও স্ক্রোল প্রচার করা এবং একটি বিলবোর্ড অফিসের সামনে স্থাপন করা হবে। | সহকারী পরিচালক (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | সভাপতি ২০১৯-২০২০ অর্থবছরে ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তাবয়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি'র এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি'র বিগত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। এছাড়াও, ট্রাস্টের সকল কর্মকর্তা-কর্মচারীকে আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব-কর্তব্য পালনসহ নির্ধারিত সময়ে কর্মস্থলে আসা-যাওয়ার প্রতি দৃষ্টি রাখার জন্য অনুরোধ করেন। | | |

৩.০ সভাপতি বিগত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। কোন আলোচনা না থাকায় উপস্থিতির জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.০৮.২০২০

(নাসরীন আফরোজ)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮১৯২২০০
e-mail: md@pmeat.gov.bd

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। উপ-সচিব (বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
৩। উপ-পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৪। সহকারী পরিচালক (উপবৃত্তি/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশাসন/অর্থ ও হিসাব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৫। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

27/08/2020

(মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ফোন: ০২-৯১২২৫২৪
e-mail: ad.planning@pmeat.gov.bd